

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[www.nha.gov.bd](http://www.nha.gov.bd)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন  
সংক্রান্ত প্রস্তুতি মূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ দেলওয়ার হায়দার  
চেয়ারম্যান  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।  
সভার তারিখ ও সময় : ১৫.০৩.২০২০, বেলা ৪:০০ টা।  
সভার স্থান : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হবে। সে উপলক্ষ্যে ১৭ ই মার্চ ২০২০ তারিখে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে।

মুজিব বর্ষ-২০২০ যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে:

ক্র. নং	গৃহীত কার্যক্রম	বিস্তারিত কর্মপরিকল্পনা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১		ক) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর লিখিত বিভিন্ন বই/ছবি সংগ্রহ করে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে মুজিব কর্ণার স্থাপন করে সংরক্ষণ। খ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর সেমিনার ও আলোচনা সভা আয়োজন। গ) দেশের বিভিন্ন জেলায় অবস্থিত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অফিস সংলগ্ন সুবিধাজনক স্থানে মুজিব বর্ষ উপলক্ষ্যে (ফলজ ১ টি এবং ঔষধি ০১ টি) ০২ টি বৃক্ষরোপন কর্মসূচী। ঘ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর বছরব্যাপী প্রামাণ্যচিত্র প্রদর্শন। ঙ) বঙ্গবন্ধুর জীবনী নিয়ে বিভিন্ন প্রচার-প্রচারনা মূলক লিফলেট/বুকলেট প্রকাশ করা।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সদস্য (প্রশাসন ও অর্থ)  সদস্য (প্রশাসন ও অর্থ)/সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/বন্দ
২	প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন	ক) সিরাজগঞ্জ জেলার কোবদাসপাড়া কমিউনিটিতে গৃহহীনদের স্থায়ী আবাসনের লক্ষ্যে উন্নত বসতি নির্মাণ কাজ। খ) পিপিপি পদ্ধতিতে ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে বঙ্গবন্ধু স্যাটেলাইট টাউন নির্মাণ প্রকল্প গ্রহণ। গ) ঢাকার মিরপুরস্থ ০৯ নং সেকশনে ১০৪০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ (স্বল্পনগর-১) প্রকল্পের ফ্ল্যাট হস্তান্তর। ঘ) ঢাকার মিরপুর ১৫ নং সেকশনে জয়নগর ৫২০ টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প এ ফ্ল্যাট হস্তান্তর। ঙ) মিরপুরস্থ ১১ নং সেকশনে বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য ৫৩৩ টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন। চ) দিনাজপুর হাউজিং এন্ড স্টেটে নবনির্মিত নিউমার্কেট চালুকরণ। ছ) মোহাম্মদপুরস্থ জেনেভা ক্যাম্প স্থানান্তর প্রকল্পের কার্যক্রম শুরু করা। জ) রাজশাহীর তেরখাদিয়া পল্ট প্রকল্পের জমি বুঝিয়ে দেয়া।	সদস্য (প্রকৌশল ও সমন্বয়)/সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)  সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)
৩	সেবা প্রদান	ক) সেবা গ্রহীতাদের সেবার মান উন্নয়নের জন্য এটুআই প্রকল্পের “একসেবা” পোর্টালের মাধ্যমে সকল সেবা অনলাইনে চালু করা। খ) মিরপুরস্থ ২৬০০ বাস্তুহারা পুনর্বাসন প্রকল্পের ভূমি স্বত্ব দলিল হস্তান্তর	সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) ও সদস্য (প্রশাসন ও অর্থ)  সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)
৪	অন্যান্য কার্যক্রম	ক) গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প প্রনয়নের সময় প্রচলিত রীতি অনুযায়ী প্রতিষ্ঠানের ধার্যকৃত মুনাফা ও বিদ্যমান ফি সহনীয় পর্যায়ে নামিয়ে আনা। খ) গৃহীতব্য ফ্ল্যাট প্রকল্প গুলোতে এসটিপি, রেইন ওয়াটার হারভেস্টার সংযোজন। গ) বৈশ্বিক উষ্ণতার প্রেক্ষাপটে “Green living concept” চালুকরণ। ঘ) ডেঙ্গু জীবানুর বিস্তার রোধকল্পে গৃহীতব্য ফ্ল্যাট প্রকল্পগুলোর ওপেন স্পেস এবং গ্রিন স্পেস এ মশক প্রতিরোধী (Mosquito Repellent) প্রজাতির বৃক্ষরোপণ কার্যক্রম অন্তর্ভুক্তকরণ।	সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)/সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)  সদস্য (প্রকৌশল ও সমন্বয়)/সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)

ক্র. নং	গৃহীত কার্যক্রম	বিস্তারিত কর্মপরিকল্পনা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
৫	প্রনোদনা/স্বীকৃতি প্রদান কার্যক্রম	সেবা দানকারী কর্মকর্তা/কর্মচারী কে প্রনোদনা/স্বীকৃতি প্রদান।	সদস্য (প্রশাসন ও অর্থ)

সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি এবং জাতীয় বাস্তবায়ন কমিটির যৌথ সভায় জনসমাবেশ পরিহার পূর্বক উৎসবমুখর পরিবেশে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সদস্য (প্রশাসন ও অর্থ) এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০২০ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রের নির্দেশনার আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

#### সিদ্ধান্তসমূহ:

- (১) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সকল অফিস ভবনে ১৭ ই মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- (২) ১৭ ই মার্চ ২০২০ তারিখ সকাল ০৭:০০ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;
- (৩) ১৮ ই মার্চ ২০২০ বেলা ১১:০০ টায় আলোচনা সভা এবং বাদ জোহর মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;
- (৪) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সকল অফিস ভবনে ১৭ ই মার্চ ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ড্রপ ডাউন ব্যানার ব্যবহার ও মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- (৫) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সকল অফিস ভবনে আলোকসজ্জার ব্যবস্থা, সৌন্দর্যবর্ধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;
- (৬) ওয়েবসাইটে প্রদত্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ প্রচার;
- (৭) শুদ্ধাচার পুরস্কার প্রদান।

পরিশেষে জাতির পিতার জন্মশতবার্ষিকী যথাযথভাবে উদযাপনের মাধ্যমে সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো. দেলওয়ার হায়দার)  
চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

ফোন: ০২-৯৫৬২৭৬২

ই-মেইল: [chairman@nha.gov.bd](mailto:chairman@nha.gov.bd)